

ঘর পোড়াছি সর্বনাশে

লুকিয়ে যাকে দেখতে বসি
তার গভীরেই আসল চিত্র
সামনে শুধু পোশাক আশাক
আড়াল থাকে প্রাণ চরিত্র

সফলতায় আগুন দিয়ে
ঘর পোড়াছি সর্বনাশে
নাশকতার ধরণ জেনেও
তবু কী সে দেখতে আসে

ভাবটা যেন, পুড়ছে পুড়ুক
অনিত্য এ রত্নমাংস
নিত্য কেবল হাতড়ে খোঁজে
মনের পোড়া কয় শতাংশ

উত্তর বসু

